

## প্রদীপ্ত বরিশাল অন্ধকারে হারিয়ে যাচ্ছে

গৌরনদী প্রতিদিন

আর্থিক অপ্রতুলতার কারণে প্রদীপ্ত বরিশাল নিজেই অন্ধকারে হারিয়ে যাচ্ছে। প্রকল্প ওজর দীর্ঘ ছয় বছর পরেও প্রদীপ্ত বরিশাল জেলা প্রশাসকের মাসিক সভা কর্মসূচির মধ্যেই সীমাবদ্ধ। এ কর্মসূচি ভেঙে যাওয়ার কারণে গৌরনদীর ২০ হাজার ৫১১ জন নিরক্ষর মানুষের ষপুও ভেঙে গেছে। একটি সূত্রে প্রকাশ, গোটা বরিশাল জেলার ৮টি উপরজেলায় ২ লাখ ৫৬ হাজার ৫৮৭ জন নিরক্ষর মানুষকে অক্ষরজ্ঞান দানের উদ্দেশ্যে 'প্রদীপ্ত বরিশাল' কর্মসূচিটি ১৯৯৭ সালে গ্রহণ করা হয়েছিল। এর মধ্যে ১ লাখ ২১ হাজার ৮৯৯ জন পুরুষ এবং ১ লাখ ৩৪ হাজার ৬৮৮ জন মহিলাকে নিরক্ষর হিসেবে চিহ্নিত করা হয়। বরিশাল সদরে ২৪ হাজার ৮২৩ জন, হিজলায় ১৯ হাজার ৭৪৮, বরিশাল সিটি কর্পোরেশনে ২৬ হাজার ৮৮০



গৌরনদী : নিরক্ষরতার বিরুদ্ধে আন্দোলন, প্রদীপ্ত বরিশাল এখন শুধু সাইনবোর্ডেই সীমাবদ্ধ

উজিরপুরে ২৩ হাজার ৬৩৭, বানারী-পাড়ায় ১৫ হাজার ৫০, গৌরনদীতে ২০ হাজার ৫১১, মুলাদীতে ৩১ হাজার ৯৫০, বাকেরগঞ্জে ৪৬ হাজার ৯৬০, মেহেন্দীগঞ্জে ৪৭ হাজার ২৮, বাবুগঞ্জ ও আগৈলঝাড়ায় ১০০ ডাগ মানুষকে শিক্ষিত হিসেবে চিহ্নিত করা হয়েছে। জেলার সর্বত্র নিরক্ষর মানুষকে আলোকিত করার উদ্দেশ্যেই প্রামাণিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে 'প্রদীপ্ত বরিশাল' কর্মসূচি গ্রহণ করা হয়। কিন্তু দীর্ঘ ৬ বছরেও তা আলোর মুখ দেখেনি। এ প্রকল্পটি বাস্তবায়নের জন্য ব্যয় নির্ধারণ করা হয়েছিল ৮

কোটি টাকা। এর মধ্যে গত ২ বছরে সরকারি মঞ্জুরি পাওয়া যায় মাত্র ৩ লাখ টাকা। এ নিয়ে জেলা প্রশাসকের সঞ্চালন কক্ষে ৪০টি সভা অনুষ্ঠিত হয়েছে। এসব সভায় টাকা নেই, কিছুই করা যাচ্ছে না-এ পূর্বাবস্থা আলোচনাই হচ্ছে দীর্ঘদিন ধরে। টাকার অভাবে 'প্রদীপ্ত বরিশাল' নিজেই অন্ধকারে হারিয়ে যাচ্ছে।

—যুগান্তর